

ঢাকা শহর আইসা আমার লিরিক্স:-

ঢাকা শহর আইসা আমার আশা পুরাইছে  
ওরে ঢাকা শহর আইসা আমার আশা পুরাইছে,  
আরে লাল লাল নীল নীল ..  
লাল লাল নীল নীল,  
বাতি দেইখ্যা নয়ন জুড়াইছে।  
ঢাকা শহর আইসা আমার আশা পুরাইছে,  
মনের আশা পুরাইছে।

তেল ছাড়া বাতি জ্বলে আজব এ শহরে  
মাটি ফাইট্রা বৃষ্টির পানি ঝরঝরাইয়া পড়ে রে  
ঝরঝরাইয়া পড়ে।

গরু নাই রে, ঘোড়া নাই রে,  
কি জানি কি দিয়া,  
বড় বড় গাড়িগুলি চলে গড় গড়াইয়া রে,  
চলে গড় গড়াইয়া।  
আরে সেই গাড়িতে চড়তে আমার  
সেই গাড়িতে চড়তে আমার  
ইচ্ছা হইতাছে।  
ঢাকা শহর আইসা আমার আশা পুরাইছে  
মনের আশা পুরাইছে।

রেশমি চুড়ি, ঢাকাই শাড়ি  
কিনা দিমু তোরে।  
ঘর বানাইয়া থাকমু দুজন,  
সাত তালার উপরে রে,  
সাত তালার উপরে।

তুই হইলি রে বড় সাহেব  
আমি হইলাম বিবি,  
মাঝে মাঝে আমারে তুই  
সিনেমা দেখাবি রে,  
সিনেমা দেখাবি।

আরে সিনেমারও কথা শুইনা  
সিনেমারও কথা শুইনা  
ফুর্তি লাগতাছে,  
ঢাকা শহর আইসা আমার আশা পুরাইছে।  
মনের আশা পুরাইছে।  
আরে লাল লাল নীল নীল..  
লাল লাল নীল নীল,  
বাতি দেইখ্যা নয়ন জুড়াইছে,  
ঢাকা শহর আইসা আমার আশা পুরাইছে  
মনের আশা পুরাইছে।